

(প্রেস বিজ্ঞপ্তি)

২৯ মার্চ ২০২৩খ্রি.

## নির্ধারিত সময়ের মধ্যে আড়াই হাজার কোটি টাকার প্রকল্পের কাজ সম্পন্ন চান মেয়র

নির্ধারিত সময়সীমার মধ্যে আড়াই হাজার কোটি টাকার প্রকল্পের কাজ সম্পন্ন করতে চান চট্টগ্রাম সিটি কর্পোরেশনের (চসিক) মেয়র (প্রতিমন্ত্রী) বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।

বুধবার চসিকের টাইগারপাস কার্যালয়ে চসিকের প্রকৌশলী ও ঠিকাদারদের সাথে মতবিনিময় সভায় মেয়র বলেন, বঙ্গবন্ধু কন্যা জননেত্রী প্রধানমন্ত্রী শেখ হাসিনা চট্টগ্রামবাসীকে উপহার হিসেবে আড়াই হাজার কোটি টাকার প্রকল্প বরাদ্দ দিয়েছেন। এই প্রকল্পকে ঘিরে আমার অনেক স্বপ্ন এপ্রকল্প বাস্তবায়িত হলে নগরীর ওয়ার্ড পর্যায়েও কোন কাঁচা সড়ক থাকবেনা। উন্নত যোগাযোগ ব্যবস্থার কারণে ভবিষ্যতে চট্টগ্রামে আন্তর্জাতিক বড় বড় বিনিয়োগ আসবে। ফলে, একদিকে চট্টগ্রামের বেকারত্বের সমস্যার সমাধান হবে অন্যদিকে চট্টগ্রাম হয়ে উঠবে বিশ্বের বাণিজ্যিক হাব।

"আমি চাই আড়াই হাজার কোটি টাকার প্রকল্পের কাজ মানসম্মতভাবে নির্ধারিত সময়সীমার মধ্যে শেষ হোক। আমি মেয়র হিসেবে দায়িত্ব নেয়ার পর পিসি রোডের ঠিকাদারের বিরুদ্ধে অভিযোগের প্রেক্ষিতে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করেছি। কঠোরভাবে লড়াই করে আমি পিসি রোড সম্পন্ন করেছি। আড়াই হাজার কোটি টাকা প্রকল্পও আমি কঠোরভাবে পর্যবেক্ষণ করবো। কোন কর্মকর্তা বা ঠিকাদারের অবহেলায় এই কাজ বিলম্বিত হলে আমি শাস্তিমূলক ব্যবস্থা নিব।"

এসময় ঠিকাদাররা প্রকল্প শেষ করার ক্ষেত্রে সম্ভাব্য বিভিন্ন চ্যালেঞ্জ তুলে ধরলে ঠিকাদারদের আশ্বস্ত করে মেয়র বলেন, এই প্রকল্পের সব টাকাই সরকার প্রদান করবে তাই বিল পাওয়ার বিষয়ে ঠিকাদারদের কোন ভোগান্তি পেতে হবেনা। আপনারা মানসম্মত কাজ করুন, সময়মতো প্রকল্প শেষ করুন।

সভায় উপস্থিত ছিলেন চসিকের প্রধান নির্বাহী কর্মকর্তা শেখ মুহম্মদ তৌহিদুল ইসলাম, কাউন্সিলর মোহম্মদ ইসমাইল, প্রধান প্রকৌশলী রফিকুল ইসলামসহ চসিকের প্রকৌশলীসহ ঠিকাদারবৃন্দ।

## চসিকের ৮ শিক্ষা প্রতিষ্ঠানের আর্থিক লেনদেন হবে সোনালী ব্যাংকে

চট্টগ্রাম সিটি কর্পোরেশন (চসিক) পরিচালিত আটটি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা টিউশন ফি'সহ অন্যান্য ফিস বা চার্জ সোনালী ব্যাংকের পেমেন্ট গেটওয়ে ব্যবহার করে অনলাইনে পরিশোধ করতে পারবেন।

বুধবার আর্থিক অন্তর্ভুক্তি কার্যক্রমের আওতায় শিক্ষার্থীদের টিউশন ফি'সহ অন্যান্য ফিস বা চার্জ পরিশোধের জন্য সোনালী ব্যাংক লিমিটেড এবং চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মধ্যে এ সংক্রান্ত এক চুক্তি স্বাক্ষরিত হয়েছে।

অনুষ্ঠানের প্রধান অতিথি চসিকের প্রধান নির্বাহী কর্মকর্তা শেখ মুহম্মদ তৌহিদুল ইসলাম বলেন, প্রধানমন্ত্রী যে স্মার্ট বাংলাদেশ গড়তে চান তা বাস্তবায়নে আমাদের আর্থিক কার্যক্রমের ডিজিটাইজেশন প্রয়োজন। সোনালী ব্যাংকের সহায়তায় আমরা স্কুলগুলোর আর্থিক লেনদেনের মাধ্যমে স্বচ্ছতার পথে আরো এগিয়ে গেলাম। ভবিষ্যতে চসিক পরিচালিত সব শিক্ষা প্রতিষ্ঠানে ম্যানুয়াল পদ্ধতিতে আর্থিক লেনদেনের পরিবর্তে ব্যাংকের মাধ্যমে লেনদেন করা হবে।

সভাপতির বক্তব্যে সোনালী ব্যাংকের ডেপুটি জেনারেল ম্যানেজার অলক কুমার বল বলেন, প্রাথমিকভাবে ৮ টি শিক্ষা প্রতিষ্ঠানে এই পাইলট কার্যক্রম সফল হলে পরবর্তীতে চসিক পরিচালিত সবগুলো শিক্ষা প্রতিষ্ঠানের আর্থিক লেনদেন রাষ্ট্রীয় আর্থিক প্রতিষ্ঠান হিসেবে সোনালী ব্যাংকের মাধ্যমে পরিচালিত হবে বলে আমরা আশা করি। এর মাধ্যমে শিক্ষার্থীরা সহজে তাদের সমস্ত ফি পরিশোধ করতে পারবে আবার স্কুলগুলোও বিপুল হিসাবের জটিলতা থেকে বাঁচবে।

এই আটটি স্কুল হলো অপর্ণাচরণ সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ, কৃষ্ণকুমারী সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয়, কাপাসগোলা সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয়, পূর্ব মাদারবাড়ি সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয়, পাঠানটুলী সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয়, লামাবাজার এ.এ.এস সিটি কর্পোরেশন উচ্চ বিদ্যালয়, কুলগাঁও সিটি কর্পোরেশন উচ্চ বিদ্যালয় এবং হোসেন আহমেদ চৌধুরী সিটি কর্পোরেশন স্কুল এন্ড কলেজ।

চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন-চসিক প্রধান শিক্ষা কর্মকর্তা লুৎফুন নাহার, প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা হুমায়ুন কবির চৌধুরী, শিক্ষা কর্মকর্তা উজালা রানী চাকমা, সোনালী ব্যাংকের সিরাজুদ্দৌলা রোড শাখার ম্যানেজার তাকিয়ান হায়দার, টেরীবাজার শাখার ম্যানেজার অর্পিতা বড়ুয়া, সিনিয়র অফিসার মো. ইউনুছ মিয়া এবং চসিকের আট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান।

## মুক্তিযুদ্ধের অন্যতম সংগঠক বীর মুক্তিযোদ্ধা নুরে আলম সিদ্দিকীর মৃত্যুতে সিটি মেয়র রেজাউল করিম চৌধুরীর শোক

মুক্তিযুদ্ধের অন্যতম সংগঠক, স্বাধীন বাংলা কেন্দ্রীয় ছাত্র সংগ্রাম পরিষদের আহ্বায়ক জাতীয় সংসদের সাবেক সদস্য বীর মুক্তিযোদ্ধা নুরে আলম সিদ্দিকীর মৃত্যুতে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র প্রতিমন্ত্রী বীর মুক্তিযোদ্ধা রেজাউল করিম চৌধুরী শোক ও সমবেদনা জানিয়েছেন। এক শোক বার্তায় মেয়র বলেন, বঙ্গবন্ধুর ঘনিষ্ঠ যে চার ছাত্র নেতাকে সে সময় চার খলিফা হিসেবে অভিহিত করা হতো তাদের অন্যতম ছিলেন নুরে আলম সিদ্দিকী। তিনি আরো বলেন, দেশ আজ জাতীয় শ্রেষ্ঠ ও দেশ প্রেমিককে হারালো। মেয়র মরহমের রুহের মাগফেরাত কামনা করেন এবং শোক সন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জ্ঞাপন করেন।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮